# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. তাশাহ্হুদের সাথে নবী (ﷺ) এর প্রতি দরূদ পাঠ আবশ্যক এবং প্রাসংগিক বিভিন্নরূপ হাদীস

بَابُ ذِكْرِ وُجُوبِ الصَّلَاةِ عَلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي التَّشَهُّدِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَزِيدَ الزَّعْفَرَانِيُّ ، ثَنَا عُثْمَانُ بْنُ صَالِحٍ الْخَيَّاطُ ، ثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ ، ثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ مُجَاهِدٍ ، حَدَّثَنِي مُجَاهِدٌ ، حَدَّثَنِي ابْنُ أَبِي لَيْلَى أَوْ أَبُو مَعْمَرٍ قَالَ : عَلَّمَنِي ابْنُ مَسْعُودٍ التَّشَهُّدَ وَقَالَ : عَلَّمَنِيهِ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِنَ الْقُرْآنِ " التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ بَيْتِهِ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ صَلِّ عَلَيْنَا مَعَهُمُ اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى أَهْلِ بَيْتِهِ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ بَارِكْ عَلَيْنَا مَعَهُمْ صَلَوَاتُ اللَّهِ وَصَلَوَاتُ الْمُؤْمِنِينَ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ الْأُمِّيِّ السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ " . قَالَ : وَكَانَ مُجَاهِدٌ يَقُولُ إِذَا سَلَّمَ فَبَلَغَ وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ فَقَدْ سَلَّمَ عَلَى أَهْلِ السَّمَاءِ وَأَهْلِ الْأَرْضِ. ابْنُ مُجَاهِدٍ ضَعِيفُ الْحَدِيثِ

বাংলা

১৩০৯(১). আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে ইয়াযীদ আয-যা’ফারানী (রহঃ) ... ইবনে আবু লায়লা অথবা আবু মামার (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইবনে মাসউদ (রাঃ) আমাকে তাশাহহুদ শিক্ষা দিয়েছেন। আর তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যেভাবে কুরআনের সূরা শিক্ষা দিতেন ঠিক সেভাবে আমাকে (গুরুত্ব সহকারে) তাশাহহুদ’ শিক্ষা দিয়েছেন। “আত্তাহিয়্যাতু লিল্লাহি ... আবদুহু ওয়া রাসূলুহু” সমস্ত সম্মান, ইবাদত, উপাসনা ও পবিত্রতা আল্লাহর জন্য। হে নবী! আপনার উপর শান্তি বর্ষিত হোক এবং আল্লাহর রহমত ও প্রাচুর্যও। আমাদের উপর এবং আল্লাহর সৎকর্মপরায়ণ বান্দাদের উপরও শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দেই যে,

আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আমি আরো সাক্ষ্য দেই যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বান্দা ও রাসূল।

“আল্লাহুম্মা সল্লে আলা মুহাম্মাদ ওয়া আলা আলে বায়তিহি ... ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু” (হে আল্লাহ! তুমি মুহাম্মাদ এবং তাঁর পরিবারের উপর রহমত বর্ষণ করো, যেমন তুমি ইবরাহীম (আ.)-এর উপর রহমত বর্ষণ করেছ, নিশ্চয়ই তুমি প্রশংসিত ও মহিমান্নিত। হে আল্লাহ! তাদের সাথে আমাদের উপরও রহমত বর্ষণ করো। হে আল্লাহ! মুহাম্মাদ এবং তার পরিবার-পরিজনের উপর বরকত নাযিল করো, যেমন ইবরাহীম (আ.)-এর পরিবারের উপর বরকত নাযিল করেছ। নিশ্চয়ই তুমি প্রশংসিত, মহিমান্বিত। হে আল্লাহ! তাদের সাথে আমাদের উপরও বরকত নাযিল করো। উম্মী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর আল্লাহর রহমত এবং মুমিনদের দোয়া বর্ষিত হোক। রাবী বলেন, আর মুজাহিদ (রহঃ) বলতেন, কেউ সালাম ফিরিয়ে “ওয়া আলা ইবাদিল্লাহিস সালেহীন” পর্যন্ত পৌঁছলে সে সমস্ত আকাশবাসী ও পৃথিবীবাসীকেও সালাম করলো।

ইবনে মুজাহিদ হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইবনু আবূ লায়লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81098

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন